

## এবার শাবিতে ছাত্রলীগ নেতার রগ কাটল শিবির

■ সিলেট বুরো  
সিলেটে এবার শাহজালাল বিজ্ঞান ও  
প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবি)  
ছাত্রলীগের সহসভাপতি অরুণ রায়ের  
রগ কাটল শিবির। বুধবার রাতে  
নগরীর জিন্দাবাজার থেকে  
বিশ্ববিদ্যালয় সংলগ্ন বঙ্গোয়র  
সড়ক তীর ওপর এ/হাফিদার ঘটনা  
ঘটে। ওকুতর আহত অবস্থায় ওসমানী  
মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি  
পর তার অপারেশন করা হয়। অরুণ  
অর্থনীতি বিভাগের শেষ বর্ষের  
শিক্ষার্থী। ছাত্রলীগের কেন্দ্রীয় সদস্য  
উত্তম দাস সমকালকে বলেন, এখনও  
অরুণ আশঙ্কামুক্ত নন। এদিকে  
হামলার প্রতিবাদে বিশ্ববিদ্যালয়ের  
ফটকের সামনে বিক্ষোভ মিছিল ও  
সমাবেশ করে ছাত্রলীগ।

প্রত্যক্ষদর্শী ও ছাত্রলীগ  
নেতাকর্মীরা জানান, বুধবার রাত  
১০টার দিকে অরুণ নগরীর  
জিন্দাবাজার থেকে আশ্রয়খানা হয়ে  
সিএনজিচালিত অটোরিকশায় বাসায়  
ফিরছিলেন। তাকে বহনকারী  
অটোরিকশার এক যাত্রী সুবিদবাজার  
এলাকার সোনার বাংলা কমিউনিটি  
সেন্টারের সামনে নামার সঙ্গে সঙ্গে ৫-  
৬টি মোটর সাইকেলে ১০-১২ যুবক  
এসে অরুণের ওপর হামলা চালায়।  
দু'জন তার দিকে বন্দুক তাক করে  
রাখে এবং অন্যরা উপর্যুপরি কুপিয়ে  
চলে পালিয়ে যায়।

শাবির সহকারী প্রক্টর নিলয়  
সরকার সমকালকে জানান, অরুণ  
রায়ের ডান কাঁধ, পেট ও পিঠ এবং  
দুই পায়ে বিভিন্ন স্থানে কোপানো  
হয়েছে। হাসপাতালে নেওয়ার পর  
জরুরি অপারেশন করা হলেও অরুণ  
এখনও শঙ্কামুক্ত নন বলে জানান  
তিনি। এদিকে কোতোয়ালি স্থানার  
ওপি (ডক্টর) শ্যামল বণিক জানান,  
হামলার সঙ্গে অতিভয়ের গ্রেফতারের  
চেষ্টা চলছে।